# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং-১১১-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৯/২০১৮ তারিখঃ ০২-০২-১৪৩০ বঃ
১৬-০৫-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ শহিদুল আলম রাসেল, সাবেক গাড়ীচালক, বাবুগঞ্জ পওর উপ-বিভাগ, বাপাউবো, বাবুগঞ্জ, বরিশাল বর্তমানে গাড়ীচালক, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী এর বিরুদ্ধে বরিশাল বিআইপি কলোনীতে বোর্ডের বাসায় বসবাস করে প্রচলিত নিয়মে বাসাভাড়া কর্তন না করে শুধুমাত্র ৫% হারে বাসাভাড়া কর্তন করাকে কেন্দ্র করে বাপাউবো শ্রমিক কর্মচারী ইউনিয়ন রেজিঃ নং- বি-১৮৮৭ (সিবিএ) এর সহিত একই দলের সংগঠনভূক্ত রেজিঃ নং- বি-১৮৮৮ এর মধ্যে মারামারিতে অংশগ্রহণ করে অনভিপ্রেত ঘটনা ঘটানো সংক্রান্ত অনিয়মের অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক), (খ) ও (ছ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং-২৩৭-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৯/২০১৮ তারিখঃ ১৪/০৯/২০২১ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০ কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ শহিদুল আলম রাসেল, গাড়ীচালক এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৫৪-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৯/২০১৮ তারিখঃ ০৮-০২-২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব মোঃ শহিদুল আলম রাসেল, গাড়ীচালক এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ শহিদুল আলম রাসেল, গাড়ীচালক, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী'কে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৬/০৫/২০২৩
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নং-১১১(৮)-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৯/২০১৮ তারিখঃ ০২-০২-১৪৩০ বঃ
১৬-০৫-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। পরিচালক, কর্মচারী//হিসাব রক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা/বরিশাল পওর সার্কেল, বাপাউবো, বরিশাল।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগ, বাপাউবো, বরিশাল।
৬। হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, বরিশাল।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৮। জনাব মোঃ শহিদুল আলম রাসেল, গাড়ীচালক, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।

১৬/০৫/২৩
(মুঃ নূরুল আমীন)
উপ পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৭০০৬১৬০১১

১৮/০৫/২৩

ডায়েরী নং ৪৯৭
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী

তারিখঃ ২১/৫/২৩
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

E/Asma/OO/Realese-P-33

৩১/০৫/২৩
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা